REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।

১০ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৬ই চৈত্র বুধবার ১৩৩০ ইংরাজী 19th March 1924 | ২৭শ সংখ্যা।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷০ টাকা। নগদ মূল্য ৵০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## বিজ্ঞাপন।

গ্রাহকগণের প্রতি নিবেদন :—

আমাদের দোকানে চাঁদি, সোনা, গিনি মোহর এবং সকলপ্রকার স্বর্ণ ও রৌপ্যের অলঙ্কার সর্ব্বদা বিক্রয়ার্থ প্রস্তুত থাকে। কোন অলঙ্কার প্রস্তুত করিতে দিলে আমরা নির্দ্দিষ্ট দিনে দিয়া থাকি। মফঃস্বলে ভিঃ, পিঃ, তে মাল পাঠান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীবিভূতিভূষণ দে এণ্ড ব্রাদার্স
জঙ্গিপুর, সাহেব বাজার, (মুর্শিদাবাদ)।

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵০ আনা।

ডাঃ নন্দলাল পাল।
রঘুনাথগঞ্জ।

# হিলিংবাম

গত ৩০ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জন্ত "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পারে না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল দে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷০
" " ছোট শিশি ১৷০

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সন্ধি বাত সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের শ্বেত প্রদর রোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা প্রভৃতি উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

গুণে গন্ধে সৌরভসম্পদে
কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় স্বতন্ত্র আনা।

## রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকারীশক্তি অসীম। অনেক ক্ষেত্রেই অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুধাময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীর ধন্বন্তরি—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিগ্রহ-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুলমহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর পারিবারিক সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি শিশি | ... | ১৷০ দেড় টাকা। |
| প্যাকিং ও ডাকমাশুল | ... | ৵০ দশ আনা। |

## হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা এক আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জাঙ্গিপুর সংবাদ।

৬ই চৈত্র বুধবার ১৩৩০ সাল।

## বহরমপুরে হুলস্থুল।

—:০:—

মিউনিসিপালিটির ভাইস চেয়ারম্যানের পদত্যাগ।

—:০:—

বহরমপুরের একজিকিউটীভ ইঞ্জিনিয়ার মিঃ হালদারের বাড়ীতে ও সেখানকার ডাক বাঙ্গালায় ব্যবহার করিবার জন্য মাত্র একটি জলের মিটার আছে। উক্ত মিটারে অতিরিক্ত জল খরচ হওয়ার জন্য মিউনিসিপালিটি তাঁহার নিকট কর চাহে, কিন্তু মিঃ হালদার বলেন যে, কলটা খারাপ এবং যে জল অতিরিক্ত খরচ হইয়াছে, তাহা ডাকবাঙ্গলায়ই খরচ হইয়াছে; কাজেই তিনি ঐ কর দিতে অস্বীকার করেন। অতঃপর তাঁহার অনুপস্থিতিতে মিউনিসিপালিটী তাঁহার বাড়ীতে জল সরবরাহ বন্ধ করিয়া দেন। মিঃ হালদার বাড়ীতে আসিয়া মিউনিসিপালিটিকে না জানাইয়া কল ঠিক করিয়া লন এবং মিউনিসিপালিটীর বিরুদ্ধে ৩০০৲ টাকা ক্ষতিপূরণে দাবী করিয়া এক মামলা রুজু করেন। অতঃপর মিউনিসিপালিটী হইতেও একটি পাল্টা মামলা রুজু করিবার কথা হয়। ম্যাজিষ্ট্রেট ভাইস চেয়ারম্যান ও একজিকিউটীভ ইঞ্জিনিয়ার একত্র হইয়া বিষয়টা মিটমাট করিয়া ফেলেন এবং মিঃ হালদার মোকদ্দমা উঠাইয়া লন। ইহার পর কমিশনরগণ ভাইস চেয়ারম্যানকে মিটমাটের সর্ত্তের কথা বলিতে বলেন, কিন্তু তিনি অস্বীকার করায় কয়েকজনের সঙ্গে বেশ কড়াভাবে কথাবার্ত্তা হয়, ফলে তিনি পদত্যাগ পত্র দিয়া চলিয়া যান। এখন পর্য্যন্তও এ বিষয়ের মিটমাট হয় নাই।

---

## লালবাজারে পুরস্কার বিতরণ।

—•—

গত ৩রা আগষ্ট শাঁখারীটোলার পোষ্টমাষ্টার খুন এবং ১২ই জানুয়ারী তারিখে চৌরঙ্গীতে মিঃ আরনেষ্ট ডে'র খুনের সময় যাঁহারা আসামীদিগকে ধরিবার জন্য সৎসাহসের পরিচয় দিয়াছিলেন, গত ১৯শে মার্চ্চ বুধবার লালবাজারে কলিকাতার পুলিশ কমিশনার মিঃ টেগার্ট তাঁহাদিগকে নিম্নলিখিতরূপ পুরস্কার দান করিয়াছেন—

শাঁখারীটোলার খুন।

১। হরিপ্রসাদ দাস (প্যাকার) ৫০০৲ টাকা
২। যাগাসরাম (পি, এল, সরকারের প্রেসের পিয়ন) ২০০৲ „
৩। সীতারাম ২০০৲ „
৪। পুরেন্দ্রনাথ মুখার্জ্জি ১০০৲ „
৫। নির্ম্মলচন্দ্র সেন ২০০৲ „
৬। মিঃ পি, এল, সরকার একটি রৌপ্য নির্ম্মিত সিগারেটের কেশ মূল্য ৫০৲ টাকা।

চৌরঙ্গীর খুন।

১। রাম আদিত পাণ্ডে (ট্যাক্সি চালক) ১,০০০৲ টাকা
২। মিঃ এ, ডবলু অগ ১,০০০৲ „
৩। মিঃ স্মীথ ৭৫০৲ „
৪। যদু শাহা (দরয়ান) ৫০০৲ „
৫। ইনস্পেক্টর এম এইচ রোচ ২৫০৲ „
৬। মূলকি সিং (ট্যাক্সি চালক) ২০৲ „

ট্যাক্সি চালক রাম আদিত সিংহের পেটে গোপীনাথ সা'র বন্দুকের গুলি লাগিয়াছিল। রাম আদিত এজন্য এখনও সুস্থ হইতে পারে নাই।

গোয়েন্দা ইনস্পেক্টর পুরস্কৃত।

অতঃপর মিঃ টেগার্ট কতকগুলি রহস্যজনক অলঙ্কার চুরির তদন্তে বিশেষ কৃতিত্ব দেখাইবার জন্য সি, আই, ডি'র ইনস্পেক্টর আর্থার রবার্টসনকে একটী সোণার ঘড়ি ও একছড়া সোণার চেন উপহার দেন।

---

## রেলে লেডি লিটনের হ্যাণ্ড ব্যাগ চুরি।

—•—

গত ১লা মার্চ্চ তারিখে সান্তাহার ষ্টেশনে গবর্ণরের স্পেশাল ট্রেণ হইতে লেডি লিটনের কুমীরের চামড়ায় প্রস্তুত একটী "হ্যাণ্ডব্যাগ" চুরি গিয়াছে। এই ব্যাগের উপর "পি এল" এই দুইটী অক্ষর এবং একটী কার্ণেটের ছাপ দেওয়া কয়েকখানি চিঠি ছিল। যদি কেহ উপযুক্ত প্রমাণসহ চোর ধরিয়া দিতে পারে তাহা হইলে তাহাকে ৫০৲ টাকা পুরস্কার দেওয়া হইবে।

---

## পুত্র হত্যায় পিতা ও বিমাতার ফাঁসি।

—•—

কালিকট তিরুরের সন্নিকটে ইরিঙ্গাভুর গ্রামে ভীরানকুট্টী হাজি নামক জনৈক ধনশালী মোপলা দ্বিতীয় পক্ষে উম্মা নাম্নী এক বালিকাকে বিবাহ করে। তাহার পূর্ব্ব পক্ষে মহম্মদ নামে একটি মাত্র পুত্র ছিল। এই বালকই বিষয়ের ভবিষ্যৎ উত্তরাধিকারী বলিয়া উম্মা তাহার বিনাশ সাধনের জন্য বড়ই উদ্‌গ্রীব হইয়া উঠে। ঘটনার দিন রাত্রে ছেলেটি যখন গাঢ় নিদ্রায় অভিভূত ছিল, তখন ভীরানকুট্টি তাহার গলায় একখানি কাপড় জড়াইয়া দেয় এবং সে এবং তাহার অনুগত ভৃত্য কাপড়খানির উভয় প্রান্ত ধরিয়া টানিতে থাকে। এদিকে উম্মা ছেলেটির পা দুইটি চাপিয়া ধরে। সে তখন প্রাণের দায়ে "আমায় মেরে ফেল্লে" বলিয়া চীৎকার করিয়া উঠে। বাড়ীর এক জন দাসী ও তাহার ভগ্নী এই কাতরোক্তি শুনিয়া প্রদীপ হস্তে ঘটনাস্থলে গিয়া উপস্থিত হয়। কিন্তু তখন সব শেষ হইয়া গিয়াছে। দায়রা জজ মিঃ ম্যাকগ্নিগান স্বয়ং ঘটনাস্থল পরিদর্শন করিয়াছিলেন। জুরী আসামীদের তিন জনকেই দোষী বলিয়া সাব্যস্ত করেন। বিচারপতি তাঁহাদের মতের সমর্থন করিয়া তিন জনেরই প্রাণদণ্ডের আদেশ দিয়াছেন।

---

## গলার ভিতর পিন।

—:—

বিলাতের লর্ডস গেট স্কুলে ওমস্কার্ক নামে একটী বালিকা হঠাৎ এক আলপিন গিলিয়া ফেলিয়াছিল। সেই পিন তাহার গলায় গিয়া আটকাইয়াছিল। মিঃ এ ষ্টুয়ার্ট ঐ স্কুলের হেড মাষ্টার। তিনি তৎক্ষণাৎ একখানি বড় শক্তিশালী চুম্বক লইয়া বালিকার গালের মধ্যে ধরিলেন। ফলে পিনটা গলা হইতে সরিয়া সেই চুম্বকে লাগিল—বালিকাটিও যন্ত্রণার দায় হইতে নিষ্কৃতি পাইল।

---

## কৃষ্ণনগরে নৃশংস নারীহত্যা।

—•—

গত রবিবার রাত্রিকালে কৃষ্ণনগর সূতার পাড়া অঞ্চলে এক বৃদ্ধাকে অতি নৃশংসভাবে হত্যা করা হইয়াছে। সূতারপাড়া একটি জনবহুল পল্লী। বৃদ্ধার গলায় একটী হার ছিল এবং তাহার যথেষ্ট টাকা পয়সাও ছিল। দুর্ব্বৃত্তগণ বাক্স ভাঙ্গিয়া তাহার টাকা পয়সা লইয়া গিয়াছে এবং তাহাকে ভীষণ প্রহার দ্বারা শ্বাস-রোধ করিয়া উধাও হইয়াছে। প্রতিবেশীরা গোঁ গোঁ শব্দ শুনিয়া তাহার সাহায্যার্থ গমন করে, কিন্তু কোন চেষ্টাই ফলবতী হয় নাই। অল্পক্ষণ পরেই স্ত্রীলোকটির মৃত্যু ঘটিয়াছে।

---

## গোঁড়া হিন্দুর বিলাত যাত্রা।

ষোল আনা হিন্দুয়ানী বজায়।

লালা গিরধারী লালের পুত্র কর্ত্তার নারায়ণ আগরওয়ালা জানাইতেছেন যে, গত জুলাই মাসে সিমলাতে ভারতীয় ব্যবস্থা পরিষদের কতিপয় সদস্য জাতি বাঁচাইয়া বিলাত ভ্রমণের ইচ্ছা জ্ঞাপন করিয়াছিলেন। তদনুসারে স্থির হইয়াছে যে, উপযুক্ত সংখ্যক যাত্রী হইলে এই উদ্দেশ্যে একখানা ষ্টিমার ভাড়া করা হইবে। ষ্টিমারে গঙ্গাজল, হিন্দু-দেবমূর্ত্তি ও হিন্দুমতে পানাহারের ব্যবস্থা থাকিবে। ষ্টিমার জুনমাসে ছাড়িবে এবং পথিমধ্যে অনেক মনোরম স্থান দর্শন করার পর অক্‌টোবর মাসে ফিরিয়া আসিবে। দেশীয় রাজা ও বড় বড় লোকের জন্য সালুন রিজার্ভ করা যাইবে। কাজকর্ম্ম করিবার জন্য কয়েকজন স্বেচ্ছাসেবককে যাতায়াতের ভাড়া দেওয়া হইবে। তৎপরতার সহিত নিম্নলিখিত ঠিকানায় চিঠির উপর "ভয়েজ" লিখিয়া আবেদন করিতে হইবে। কর্ত্তার নারায়ণ আগরওয়ালা, ৩৩নং জর্জ্জটাউন, এলাহাবাদ।

## স্যর আশুতোষের দান

### চল্লিশ হাজার টাকা।

আমরা বিশ্বস্তসূত্রে জানিতে পারিয়াছি স্যার আশুতোষ মুখোপাধ্যায় কোন ভারতীয় বিষয়ে প্রোফেসারীশিপের জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের হাতে ৪০,০০০ হাজার টাকা দান করিয়াছেন। এই টাকার আয় হইতে বাৎসরিক এক হাজার টাকা বেতনে একজন অধ্যাপক নিযুক্ত করা হইবে এবং তাহাকে দুইশত টাকা মূল্যের একটি মেডেলও দেওয়া হইবে। এই অধ্যাপক প্রত্যেক বৎসর নিযুক্ত হইবেন। স্যার আশুতোষের মৃতা কন্যা কমলা দেবীর নামানুসারে ইহার নামকরণ করা হইবে।

## কুম্ভমেলায় সাধুদিগের বিবাদ।

### ১২ জন আহত।

জ্বালানী কাষ্ঠ লইয়া ভৈরবী ও নাগা সম্প্রদায়ের মধ্যে বিবাদ বাধিয়া মারামারি আরম্ভ হয়। এই ব্যাপারে উভয় পক্ষে ১২ জন লোক অল্পবিস্তর আহত হইয়াছে। একজন পুলিশ কর্ম্মচারী মাথায় গুরুতর আঘাত পাইয়াছে। সাধুরা কতকগুলি আখড়া ও চালায় আগুন ধরাইয়া দেয়। এই ব্যাপারে কাহারও প্রাণনাশ হয় নাই। পুলিশ তদন্ত চলিতেছে।

## নিলামের ইস্তাহার।

—:০:—

চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৫ই এপ্রেল ১৯২৪।

৪২ খাং ডিঃ কিরণবালা দেবী দেঃ বাহার সেখ দিং দাবি ৫৵০ পং বিরাহিমপুর মৌজে ভৈরবপুর ॥৪৴০ কাত ৷৴১২ আঃ ৫৲

৪৩ খাং ডিঃ ঐ দেঃ ইজার সেখ দিং দাবি ৬৷৴০ পং খোয়ার বিরাহিমপুর মৌজে মদনা রামচন্দ্রপুর ৴১॥০ কাত ৴৹৫ আঃ ৫৲

৪ খাং ডিঃ রাজা রাও যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর সি, আই, ই, দেঃ সওদাগত মণ্ডল দাবি ৩২৴০ পং জঙ্গরপুর মৌজে হায়েরগ্রাম ৩৴৩॥ কাত ৬৶১৫ আঃ ১৫৲

৫৬ অন্য ডিঃ কুঞ্জবিহারী দাসা দেঃ সলিম মণ্ডল দাবি ১৮৸৶৩ পং কুন্ডরপ্রতাপ মৌজে বাহাদুরপুর ২॥১৷৶ কাত ৩৹৬ আঃ ৪৲ ২। ঐ মধ্যে ৴১ কাত ১৶৬ আঃ ৪৲ ৩। ঐ মধ্যে ১০॥৩ কাত ১৭৷৴৫ আঃ ৪৲

## কর্ম্মখালি।

আমাদের ষ্টেটের জন্য একজন মোকদ্দমা তদ্বিরকারক ও দুইজন জমার সেরেস্তার জন্য পাকা মোহরারের প্রয়োজন। যোগ্যতা অনুসারে বেতন পাইবেন। সত্বর নিম্নলিখিত ব্যক্তির সহিত সাক্ষাৎ করুন।

ম্যানেজার—

শ্রীযুক্তা নিত্যকালি দাসী ষ্টেট।

রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)



সালসা

খেতে কোন হাঙ্গামা নাই

অনুপান—গরম দুধ; অভাবে গরম জল।

| | |
|---|---|
| মাত্রা | পূর্ণ বয়স্কের এক দাগ, ৬ হইতে ১২ বৎসর পর্য্যন্ত অর্দ্ধ দাগ, অনূন বয়স্কের ৫।৭ বিন্দু হইতে সিকি দাগ। |
| ব্যবহার বিধি | সকালে ও বৈকালে এক দাগ করিয়া স্বরবল্লী কষায় এক ছটাক আন্দাজ গরম দুধ ঠাণ্ডা করিয়া ঐ দুধের সহিত খাইতে হয়। দুধ অভাবে গরম জল ব্যবহার করা চলে। |
| পথ্যাপথ্য | পুরাতন চালের ভাত, কিম্বা রুটী বা লুচি এবং ছোট মাছ; মুগ, ছোলা বা অড়হর ডাল; পটল, আলু, বেগুণ, ডুমুর, ঝিঙ্গা, উচ্ছে, কাঁঠাল বিচি, কাঁকুড়, থোড়, মোচা, ওল, মানকচু, এঁচোড়, মটরশুটি, কপি প্রভৃতির ব্যঞ্জন সুপথ্য। তৈলপক্ক ব্যঞ্জন অপেক্ষা ঘৃতপক্ক ব্যঞ্জন; সাধারণ নুনের পরিবর্ত্তে সৈন্ধব নুন; অল্প মিষ্টে প্রস্তুত সকল রকম ঘৃতপক্ক খাবার—লুচি, মোহনভোগ, গজা, মেঠাই, মাখন, মিছরি, বেদানা, পেস্তা, বাদাম, কিসমিস, আঙ্গুর, খোবানী, এবং সুপক্ক ফল আম, পানিফল, ইত্যাদি বিশেষ উপকারী। |
| সাধারণ নিয়ম | প্রয়োজন মত গরম জলে স্নান করা। গায়ে একটী জামা সর্ব্বদা রাখিলে ভাল হয়। সর্ব্বদা পরিষ্কার পরিচ্ছন্ন ও প্রফুল্লচিত্তে থাকা, কোষ্ঠ পরিষ্কার রাখা ও সুনিদ্রার প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য। |
| নিষিদ্ধ | নিষেধাদি ও অন্যান্য পালনোপযোগী নিয়মাদি স্বরবল্লী কষায় ব্যবহার-বিধি পুস্তকে বিস্তারিত লেখা আছে। |

স্বরবল্লী কষায়

সেবনে বাত, সর্ব্বপ্রকার রক্তদুষ্টি ও চর্ম্মরোগ, যাবতীয় দুষ্টক্ষত, শারীরিক দৌর্ব্বল্য প্রভৃতি দূরীভূত হয়।

উদ্ভিজ্জ দ্রব্যে প্রস্তুত, খাইতে সুস্বাদু। সকল বয়সে এবং সকল ঋতুতে নির্ব্বিঘ্নে ব্যবহার করিতে পারা যায়।

এক শিশি ১৷০ টাকা—ডাকমাশুল ৸৵০ আনা

সি, কে, সেন এণ্ড কোং লিমিঃ

২৯ নং কলুটোলা ষ্ট্রীট

—কলিকাতা—

## অম্লরোগের মহৌষধ

**অম্লপিত্তান্তক বটিকা**—সর্ব্ব প্রকার অম্ল ও শূল রোগের অব্যর্থ মহৌষধ। এই ঔষধ সেবনে অম্লশূল, বুকের কামড় ও গা বমি বমি করা, মুখে জল উঠা, ভুক্তান্ন বমি হওয়া, অজীর্ণজনিত স্বপ্নদোষ, কোষ্ঠবদ্ধ, মধ্যে মধ্যে পাতলা দাস্ত হওয়া প্রভৃতি উপসর্গ আরোগ্য হয়। বহুকষ্টে সংগৃহীত ও সরকারী ডাক্তারের বৈজ্ঞানিক মতে পরীক্ষিত এ দেশীয় গাছগাছড়া দ্বারায় প্রস্তুত করা হইয়াছে। গর্ভবতী স্ত্রীলোক ভিন্ন সকলে সকল সময়ে সেবন করিতে পারেন। মূল্য প্রতি বড় শিশি ১৲ টাকা, ছোট শিশি ॥০ আনা মাত্র ডাক মাশুল স্বতন্ত্র।

## নিম সাবান।

এই সাবান মাখিলে সামান্য খুজলি (চুলকানি) হইতে গলিত কুষ্ঠ পারদজনিত নানাবিধ চর্ম্মরোগ, ক্ষত, বাতরক্ত গায়ে চাকা চাকা দাগ হইয়া উঠা প্রভৃতি সর্ব্বপ্রকার রক্তদুষ্টি-জনিত চর্ম্মপীড়া অতি শীঘ্র আরোগ্য হইয়া থাকে। মূল্য প্রতি বাক্স ৸০ বার আনা, মাশুলাদি স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ডাঃ শ্রীমুরারিরঞ্জন সিংহ।

ম্যানেজার—সিংহ এণ্ড কোং, বৃন্দাবন ও মথুরা ইউ, পি।

এজেন্টস্ :—১। ব্যানার্জ্জি কোং ও ২। শ্রীযুক্ত তিনকড়ি দাস। রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ) ৩। শ্রীযুক্ত রাধাশ্যাম ব্যানার্জ্জি। কান্দী, (মুর্শিদাবাদ)

## বিনামূল্যে ও বিনামাশুলে

স্বপ্নসদৃশ গ্রন্থরাজী প্রায় নিঃশেষ হইয়া আসিল !

সত্বর লিখুন—বিলম্বে হতাশ হইবেন।

ঠিকানা ঃ— বৈদ্যশাস্ত্রী মণিশঙ্কর গোবিন্দজী।

'আতঙ্ক নিগ্রহ ঔষধালয়,'

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

আগুও পড়ুন ! আরও দেখুন !! অবাক্ হইবেন !!!

নাম মাত্র মূল্যে দুষ্প্রাপ্য ও অমূল্য ধাতুঘটিত মহৌষধাবলী।

১। সকল সালসার রাজা "লোহাসব"।

ইহা সেবনে শরীরে প্রচুর বিশুদ্ধ রক্ত সঞ্চারিত হয় ও দেহ পরিপুষ্ট হয়। এই মহৌষধ সেবনে হাঁপানি যক্ষা, বুকের বা হৃদ্‌যন্ত্রের যন্ত্রণা দূর হয় এবং প্লীহার বিস্তৃতি বন্ধ হয়। মূল্য ১৫ তোলার ১ শিশি ১॥০ দেড় টাকা মাত্র।

২। "আরোগ্য অবলেহ" ব্যবহার করুন, ফল হাতে হাতে, প্রতি কৌটা ২০ তোলা পূর্ণ, মূল্য ২॥০ আড়াই টাকা মাত্র।

৩। "লৌহভস্ম" লউন—ইহা ব্যবহারে সত্য সত্যই লোহা হজম করিতে পারিবেন এবং দেহ লোহার মত শক্ত হইবে। মূল্য প্রতি তোলা ৫৲ টাকা মাত্র।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৴০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৴০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৷০ এক টাকা তিন আনা.

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৷০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।


রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

# ইলেক্‌ট্রিক স্যালিউসন্




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের শুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥০ দেড় টাকা।


**সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।**

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

## ১নং। দামোদর সুধা। ঃ—

মূল্য ৸৴০

ম্যালেরিয়া ও সর্ব্ববিধ পুরাতন জ্বরের মহৌষধ। মাশুলাদি স্বতন্ত্র




## ২নং বিনা অস্ত্রে আরোগ্য অপেরোণ। ঃ—

বাগী, ফোঁড়া, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীতলী ব্রণ, কাকবিড়ালী, পৃষ্ঠব্রণ এমন কি আব (Tumour) প্রভৃতি প্রথম অবস্থায় বাহ্য প্রয়োগে বসিয়া যাইবে, এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায়।

মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ॥০ আনা।

**৩নং। স্পিরিট ক্যাম্ফর ঃ—** ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৵০ আনা একত্রে ৩ শিশি ১৲।

**৪নং। এক্‌জিন ঃ—** একজিমা বা কাউরের একমাত্র মলম। মূল্য ॥০ আনা।

**ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।**

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ, কলিকাতা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরৎচন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।